# সূচীপত্র


ভূমিকা ০৭
লেখক পরিচিতি ১২

**অধ্যায় ১**

**তাজউইদ শাস্ত্র সম্পর্কে প্রারম্ভিক আলোচনা** ১৭
১.১ তাজউইদ শাস্ত্রের সংজ্ঞা ১৭
১.২ তাজউইদ শাস্ত্র শিক্ষা করার বিধান ১৮

**অধ্যায় ২**

**আরবী হরফের মাখরাজ** ১৯
২.১ মাখরাজ - ১: মুখ ও কণ্ঠনালীর শূন্যস্থান (الجَوْف) ১৯
২.২ মাখরাজ - ২: কণ্ঠনালী বা হালকের (الْحَلْق) গোড়া বা শেষপ্রান্ত ২১
২.৩ মাখরাজ - ৩: কণ্ঠনালীর মধ্যভাগ ২৪
২.৪ মাখরাজ - ৪: কণ্ঠনালীর শীর্ষ ২৫
২.৫ মাখরাজ – ৫ : জিহ্বার শেষাংশ ২৬
২.৬ মাখরাজ – ৬ : জিহ্বার শেষাংশ হতে একটু সামনে ২৭
২.৭ মাখরাজ – ৭ : জিহ্বার মধ্যভাগ ২৮
২.৮ মাখরাজ – ৮ : জিহ্বার পাশের পেছনের অংশ ও উপরের পাটীর পেছনের দাঁত ৩০
২.৯ মাখরাজ – ৯ : জিহ্বার পাশের সামনের অংশ ও উপরের তালু ৩১
২.১০ মাখরাজ – ১০ : জিহ্বার কিনারা, অর্থাৎ শীর্ষ থেকে একটু ভিতরের অংশ (طَرَفُ اللِّسَانِ) ও ওপরের মাঢ়ী ৩২
২.১১ মাখরাজ – ১১ : জিহ্বার তারাফ ও ওপরের মাঢ়ী, তবে 'নূন' এর মাখরাজ থেকে খানিকটা ভেতরে ৩৪
২.১২ মাখরাজ – ১২ : জিহ্বার 'তারাফ' তথা শীর্ষ থেকে খানিকটা ভিতরের অংশ ও উপরের পাটীর সামনের দুই দাঁতের গোড়া ৩৬
২.১৩ মাখরাজ - ১৩: জিহ্বার শীর্ষ ও নিচের পাটীর সামনের দুই দাঁতের গোড়া ৩৭
২.১৪ মাখরাজ - ১৪: জিহ্বার তারাফ ও ওপরের পাটীর সামনের দুই দাঁতের শীর্ষ ৩৯
২.১৫ মাখরাজ - ১৫: ওপরের পাটীর সামনের দুই দাঁতের কিনারা এবং নীচের ঠোঁটের ভেতরের অংশ ৪০
২.১৬ মাখরাজ - ১৬: দুই ঠোঁট ৪১
২.১৭ মাখরাজ - ১৭: নাকের গহ্বর বা খাইশূম (خَيْشُوم) ৪৩

## অধ্যায় ৩


**আরবী হরফের সিফাত বা বৈশিষ্ট্য** ৪৪
৩.১ সিফাত ১ ও ২: হামস (هَمْس) ও জাহর (جَهْر) ৪৪
৩.২ সিফাত ৩ ও ৪ শিদ্দাহ (شِدَّة) এবং রাখাওয়াহ (رَخَاوَة) ৪৫
৩.৩ সিফাত ৫ ও ৬: ইসতি'লা (اِسْتِعْلَاء) ও ইসতিফাল (اِسْتِفَال) ৪৬
৩.৩.১ বিশেষ বিশেষ ক্ষেত্রে কিছু হরফ মোটা করে উচ্চারণ করতে হয় ৪৭
৩.৩.১.১ 'আলিফ' ৪৭
৩.৩.১.২ 'লাম' ৪৮
৩.৩.১.৩ 'রা' ৪৮
৩.৪ সিফাত ৭ ও ৮: ইতবাক (إِطْبَاق) ও ইনফিতাহ (اِنْفِتَاح) ৪৮
৩.৫ সিফাত ৯ ও ১০: ইযলাক (إِذْلَاق) ও ইসমাত (إِصْمَات) ৪৯
৩.৬ সিফাত ১১: সফীর (صَفِيْر) ৫০
৩.৭ সিফাত ১২: ক্বলক্বলাহ (قَلْقَلَة) ৫০
৩.৮ সিফাত ১৩: লীন (لِيْن) ৫১
৩.৯ সিফাত ১৪: ইনহিরাফ (اِنْحِرَاف) ৫১
৩.১০ সিফাত ১৫: তাকরীর (تَكْرِيْر) ৫১
৩.১১ সিফাত ১৬: তাফাশশী (اَلتَّفَشِّي) ৫২
৩.১২ সিফাত ১৭: ইসতিতালাহ (اِسْتِطَالَة) ৫২
৩.১৩ আরবী হরফের সিফাতের তালিকা ৫৩


## অধ্যায় ৪


**'নূন সাকিন' ও 'তানউইন', তাশদীদবিশিষ্ট 'নূন' ও 'মীম' এবং 'মীম সাকিন'এর নিয়ম** ৫৪
৪.১ নিয়ম ১ : ইযহার (إِظْهَار) ৫৪
৪.১.১ ইযহারের উদাহরণ ৫৫
৪.২ নিয়ম ২ : ইদগাম (إِدْغَام) ৫৫
৪.২.১ ইদগামের উদাহরণ (গুন্নাহ সহ) ৫৬
৪.২.২ ইদগামের উদাহরণ (গুন্নাহ ছাড়া) ৫৬
৪.২.৩ 'নূন সাকিন' এর ইদগামের জন্য পরবর্তী হরফ ভিন্ন শব্দে থাকা শর্ত ৫৭
৪.৩ নিয়ম ৩ : ইকলাব (إِقْلَاب) ৫৭
৪.৩.১ ইকলাবের উদাহরণ ৫৭
৪.৪ নিয়ম ৪ : 'ইখফা' (إِخْفَاء) ৫৭
৪.৪.১ ইখফার উদাহরণ ৫৮
৪.৫ 'নূন সাকিন' এবং তানউইনের নিয়মের সংক্ষিপ্ত চার্ট ৫৯
৪.৬ 'মীম' ও 'নূন' এর ওপর তাশদীদ ৫৯

৪.৬.১ গুন্নাহর উদাহরণ ৬০
৪.৭ 'মীম সাকিন' (مْ) এর নিয়ম ৬০
৪.৭.১ নিয়ম ১ : ইদগাম (إِدْغَام) ৬০
৪.৭.২ নিয়ম ২ : ইখফা (إِخْفَاء) ৬০
৪.৭.৩ নিয়ম ৩ : ইযহার (إِظْهَار) ৬০
৪.৮ 'মীম সাকিন' এর বিভিন্ন নিয়মের চার্ট ও উদাহরণ ৬১

**অধ্যায় ৫**

**মাদ্দের প্রকারভেদ ও বিধান ৬২**
৫.১ যে হরফগুলোতে মাদ্দ হতে পারে ৬২
মাদ্দের দৈর্ঘ্য পরিমাপের একক ৬৩
৫.২ মাদ্দের প্রকারভেদ ৬৪
৫.২.১ মাদ্দ আসলী (المَدُّ الأَصْلِيّ) বা তাবী'ঈ (الطَّبِيْعِيّ) ৬৪
৫.২.১.১ যে মাদ্দ মাদ্দে আসলীর অনুগামী (المُلْحَق بِالمَدِّ الأَصْلِيّ) ৬৫
৫.২.১.১.১ মাদ্দ বাদাল (مَدُّ البَدَل) ৬৫
৫.২.১.১.২ মাদ্দ ইওয়াদ (مَدّ العِوَض) ৬৫
৫.২.১.১.৩ মাদ্দ সিলা সুগরা (مَدُّ الصِّلَة الصُغْرَى) ৬৬
'মাদ্দ সিলা সুগরা'র নিয়মের ব্যতিক্রম: ৬৭
৫.২.২ মাদ্দ ফার'ঈ (المَدُّ الفَرْعِيّ) ৬৯
৫.২.২.১ হামযার কারণে উদ্ভূত ফার'ঈ মাদ্দ: ৬৯
৫.২.২.১.১ মাদ্দ মুত্তাসিল (المَدّ المُتَّصِل) ৬৯
৫.২.২.১.২ মাদ্দ মুনফাসিল (المَدّ المُنْفَصِل) ৬৯
৫.২.২.১.৩ মাদ্দ সিলা কুবরা (مَدّ الصِّلَة الكُبْرَى) ৭০
৫.২.২.২ সুকূনের কারণে উদ্ভূত ফারঈ মাদ্দ ৭০
৫.২.২.২.১ মাদ্দ আরিদ লিসসুকূন (المَدّ العَارِض لِلسُّكُون) ৭০
৫.২.২.২.২ মাদ্দ লীন (مَدّ اللِّيْن) ৭১
৫.২.২.২.৩ মাদ্দ লাযিম (المَدّ اللاَّزِم) ৭২
৫.৩ মাদ্দ লাযিমের প্রকারভেদ ৭২
৫.৩.১ মাদ্দ লাযিম কিলমী (المَدّ اللاَّزِم الكِلْمِيّ) ৭২
৫.৩.১.১ মাদ্দ লাযিম কিলমী মুসাক্কাল (المَدّ اللاَّزِم الكِلْمِيّ المُثَقَّل) ৭৩
৫.৩.১.২ মাদ্দ লাযিম কিলমী মুখাফফাফ (المَدّ اللاَّزِم الكِلْمِيّ المُخَفَّف) ৭৩
৫.৩.২ মাদ্দ লাযিম হারফী (المَدّ اللاَّزِم الحَرْفِيّ) ৭৩
৫.৩.২.১ মাদ্দ লাযিম হারফী মুসাক্কাল (المَدّ اللاَّزِم الحَرْفِيّ المُثَقَّل) ৭৪
৫.৩.২.২ মাদ্দ লাযিম হারফী মুখাফফাফ (المَدّ اللاَّزِم الحَرْفِيّ المُخَفَّف) ৭৫
৫.৪ মাদ্দের প্রকারভেদ ও বিধানের চার্ট ৭৬

অধ্যায় ৬

ইদগাম বা মিলিয়ে পড়া ৭৭
৬.১ ইদগামুল মিসলাইন (إِدْغَامُ المِثْلَيْنِ) ৭৭
৬.২ ইদগামুল মুতাজানিসাইন (إِدْغَامُ المُتَجَانِسَيْنِ) ৭৮
৬.৩ ইদগামুল মুতাকারিবাইন (إِدْغَامُ المُتَقَارِبَيْنِ) ৭৯
৬.৪. ইদগাম তাম (الإِدْغَام التَّامّ) ৮০
৬.৫ ইদগাম নাকিস (الإِدْغَام النَّاقِص) ৮০
৬.৬ শামসী হরফ (الحُرُوفُ الشَّمْسِيَّة) এবং কামারী হরফ (الحُرُوفُ القَمَرِيَّة) ৮১
৬.৬.১ শামসী হরফ ৮১
৬.৬.২ কামারী হরফ ৮১

অধ্যায় ৭


'রা' এর বিধান ৮২
৭.১ পাতলা 'রা' এর ৪টি ক্ষেত্র ৮২
৭.২ ভারী 'রা' এর ৮টি ক্ষেত্র ৮২
৭.৩ যে ক্ষেত্রে 'রা' ভারী অথবা পাতলা হতে পারে ৮৩
৭.৪ 'ইমালা' এর 'রা' ৮৩

অধ্যায় ৮

আল কুরআনের কোন শব্দের শেষে ওয়াকফ করার সংক্ষিপ্ত নীতিমালা ৮৪
৮.১ সুকূনের মাধ্যমে ওয়াকফ করার পদ্ধতি ৮৪
৮.২ মুসহাফে ওয়াকফের চিহ্ন ৮৭
৮.৩ সাকত (السَّكْت) ৮৯

অধ্যায় ৯

বিবিধ ৯১
৯.১ 'আলিফ' সংক্রান্ত কিছু বিধান ৯১
৯.২ হামযাতুল ওয়াসল (هَمْزَة الوَصْل): ৯২
৯.৩ 'আল' অব্যয়ের পূর্বে প্রশ্নবোধক (هَمْزَة الإِسْتِفْهَام) হামযার আগমন: ৯৪
৯.৪ সূরা ফুসসিলাত এর ৪৪ নম্বর আয়াতে আগত ءَاَعْجَمِيٌّ শব্দটির পঠন পদ্ধতি: ৯৪
৯.৫ 'স্বাদ' (ص) দিয়ে লিখিত কিছু শব্দ পাঠের পদ্ধতি: ৯৫
৯.৬ সূরা ইউসুফ এর ১১ নম্বর আয়াতে আগত تَأْمَنَّا শব্দটির পঠন পদ্ধতি: ৯৫
৯.৭ 'তাআওউয' (التَّعَوُّذ) ও 'বাসমালা' (البَسْمَلَة) এর বিধান ৯৬



# ভূমিকা

সমস্ত প্রশংসা মহান আল্লাহ তাআলার যিনি মানবজাতির হেদায়েতের জন্য সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ রাসূল মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এঁর প্রতি সর্বশেষ ও সর্বশ্রেষ্ঠ কিতাব আল-কুরআন নাযিল করেছেন; আল-কুরআন শিখিয়েছেন; আল-কুরআনের পঠন এবং এ থেকে উপদেশ ও শিক্ষা-গ্রহণকে সহজ করে দিয়েছেন আর কুরআনের ছাত্র ও শিক্ষকদেরকে শ্রেষ্ঠ মানুষ হিসেবে মনোনীত করেছেন।

আল্লাহ তাআলা বলেন:

ٱلرَّحْمَٰنُ ۝١ عَلَّمَ ٱلْقُرْءَانَ ۝٢

**আর-রহমান। শিখিয়েছেন আল-কুরআন।**[১]

وَلَقَدْ يَسَّرْنَا ٱلْقُرْءَانَ لِلذِّكْرِ فَهَلْ مِن مُّدَّكِرٍ ۝١٧

**আর আমি আল কুরআনকে স্মরণ ও উপদেশ গ্রহণের জন্য সহজ করেছি, উপদেশ গ্রহণ করার কেউ আছে কি?**[২]

নবী মুহাম্মাদ সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন:

خَيْرُكُمْ مَنْ تَعَلَّمَ الْقُرْآنَ وَعَلَّمَهُ

**তোমাদের মধ্যে ঐ ব্যক্তি সবচেয়ে উত্তম যে আল কুরআন শেখে এবং তা শেখায়।**[৩]

---

১. সূরা আর রহমান, ৫৫ : ১-২।

২. সূরা আল কামার, ৫৪ : ১৭।

৩. সহীহ বুখারী(৫০২৭)।

বরকতময় এই কিতাবের প্রতিটি হরফ পাঠের জন্য বরাদ্দ রাখা হয়েছে দশটি নেকী, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন:

من قرأ حرفا من كتاب الله فله به حسنة والحسنة بعشر أمثالها لا أقول آلم حرف ولكن ألف حرف ولام حرف وميم حرف

**যে ব্যক্তি আল্লাহর কিতাবের একটি হরফ পড়বে তার জন্য এর সওয়াব আছে, আর এই সওয়াব তার দশ গুণ হিসেবে। আমি বলি না যে, 'আলিফ-লাম-মীম' একটি হরফ, বরং আলিফ একটি হরফ, লাম একটি হরফ এবং মীম একটি হরফ।**[৪]

উপরন্তু আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আল-কুরআনকে তারতীল সহকারে পাঠ করার নির্দেশ দিয়েছেন, তিনি বলেন:

وَرَتِّلِ ٱلْقُرْءَانَ تَرْتِيلًا ﴿٤﴾

**আর তারতীল সহকারে আল-কুরআন পাঠ কর।**[৫]

তারতীল সহকারে আল-কুরআন পাঠ করার অর্থ হরফ ও ওয়াকফগুলোকে[৬] সুস্পষ্টভাবে ব্যক্ত করে কুরআন পাঠ।

সুললিত কণ্ঠে আল কুরআন তিলাওয়াতের উৎসাহ দিয়ে হাদীসে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন:

زَيِّنُوا الْقُرْآنَ بِأَصْوَاتِكُمْ، فَإِنَّ الصَّوْتَ الْحَسَنَ يَزِيدُ الْقُرْآنَ حُسْنًا

**তোমরা তোমাদের কণ্ঠের দ্বারা আল-কুরআনকে সৌন্দর্যমণ্ডিত কর, কেননা নিশ্চয়ই সুন্দর কণ্ঠ কুরআনের সৌন্দর্যকে বাড়িয়ে দেয়।**[৭]

৪. তিরমিযী (২৯১০) ও অন্যান্য।
উল্লেখ্য যে 'হরফ' এর অর্থ সম্পর্কে একটি শক্তিশালী মত হল এখানে হরফ বলতে আল-কুরআনের শব্দ বোঝানো হয়েছে, অক্ষর নয়।

৫. সূরা আল মুযাম্মিল, ৭৩ : ৪।

৬. ওয়াকফ অর্থ বিরতি বা থামা।

৭. হাকিম (২১২৫) ও অন্যান্য।

আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরও বলেন:

لَيْسَ مِنَّا مَنْ لَمْ يَتَغَنَّ بِالْقُرْآنِ

**যে সুর করে আল-কুরআন পড়ে না, সে আমাদের অন্তর্ভুক্ত নয়।**[৮]

আর আল-কুরআনের ক্ষেত্রে এই সুন্দর কণ্ঠ কি, তাও বলে দেয়া হয়েছে অন্য হাদীসে, আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন:

إِنَّ مِنْ أَحْسَنِ النَّاسِ صَوْتًا بِالْقُرْآنِ الَّذِي إِذَا سَمِعْتُمُوهُ يَقْرَأُ حَسِبْتُمُوهُ يَخْشَى اللهَ

**আল-কুরআনকে সবচেয়ে সুন্দর আওয়াজে পাঠকারীদের মধ্যে রয়েছে এমন ব্যক্তি যাকে পাঠ করতে শুনলে তোমরা মনে কর যে সে আল্লাহকে ভয় করে।**[৯]

আল্লাহ সুবহানাহু ওয়া তাআলা আল কুরআনকে সংরক্ষণকারী, তিনি বলেন:

إِنَّا نَحْنُ نَزَّلْنَا ٱلذِّكْرَ وَإِنَّا لَهُۥ لَحَـٰفِظُونَ ۝٩

**নিশ্চয়ই আমি আয-যিকর নাযিল করেছি এবং নিশ্চয়ই আমি একে হেফাযতকারী।**[১০]

আল্লাহ তাআলা আল কুরআনের শিক্ষা, ব্যাখ্যা, অর্থ, প্রয়োগ - এ সবকিছু সংরক্ষণের পাশাপাশি এর প্রতিটি হরফের উচ্চারণ, এমনকি উচ্চারণের রীতির খুঁটিনাটী পর্যন্ত সংরক্ষণ করেছেন। ফলে কোন একটি হরফ পরিবর্তন তো বটেই বরং কেউ তিলাওয়াতের সময় একে এর নির্ধারিত দৈর্ঘ্য থেকে সামান্য বড় বা ছোট করলেও কুরআনের বিশেষজ্ঞগণ তা ভুল হিসেবে চিহ্নিত করতে সক্ষম হবেন। আর আল-কুরআনের অক্ষরগুলোর উচ্চারণ সংরক্ষণের মাধ্যম হল 'তাজউইদ' নামক শাস্ত্র-এর তত্ত্ব ও প্রয়োগ।

---

৮. সহীহ বুখারী (৭৫২৭)।
৯. ইবনে মাজাহ (১৩৩৯)।
১০. সূরা আল হিজর, ১৫ : ৯।